

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২০ শে বৈশাখ, ১৪০৬/ ০৩ রা মে, ১৯৯৯

এস.আর.ও নং -৯৩-আইন/৯৯/২০৮-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাং মোতাবেক, ১২ই জুন, ১৯৯৭ ইং তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৪৬-আইন/৯৭/১৬৩-মুসক এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ (আমদানী ও উৎপাদন পর্যায়ে) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৪০.১৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ শিরনামা সংখ্যা (Heading No.) ও এন্ট্রিসমূহ যথাক্রমে কলাম (১), (২) ও (৩) এ সন্নিবেশিত হইবে, যথাঃ-

“৪১.০৪ হইতে সংশ্লিষ্ট এইচ,এস,কোড পিকল্ড, ওয়েট ব্লু ও ক্রাসড চামড়া।”
৪১.০৭

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(কাজী আনোয়ার হুসেইন)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে) ”